| |
|---|
| **কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৯ম গ্রেডভুক্ত 'কৃষি প্রকৌশলী' পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।** |

**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.১০৮.১১.০২৪.২৩-৫৫৬ www.prebd.com

তারিখ : ১৯ কার্তিক ১৪৩২
০৪ নভেম্বর ২০২৫

# বিজ্ঞপ্তি

**বিষয় : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৯ম গ্রেডভুক্ত 'কৃষি প্রকৌশলী' পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি, কেন্দ্র এবং পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী।**

কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৯ম গ্রেডভুক্ত '**কৃষি প্রকৌশলী**' পদে (বিজ্ঞপ্তির তারিখ : ৩১.০৩.২০২৪, ক্রমিক নম্বর- ৪৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে BPSC Form 5A (Applicant's Copy) জমা প্রদানকারী যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

| পদের নাম ও গ্রেড | বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও সংখ্যা |
|---|---|---|---|
| **'কৃষি প্রকৌশলী'** (৯ম গ্রেড) | বিজ্ঞপ্তির নম্বর-৪৭<br>৩১.০৩.২০২৪ | ১৭.১১.২০২৫<br>রোজ-সোমবার<br>সকাল-১০:০০ মিনিট | রেজি: নম্বর- 000141, 600058, 600064, 700054, 800029, 800030, 800034, 800045, 800052, 800066, 800082, 800097, 800111, 800112, 800123, 800125, 800127, 800133, 800137, 800143 Total = 20 জন |

২.০ উল্লিখিত প্রার্থীদের মধ্যে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী ০২ (দুই) জন প্রার্থীকে ০৩ নম্বর কলামে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না :

| পদের নাম ও গ্রেড | রেজিস্ট্রেশন নম্বর | যে কাগজপত্রাদি প্রয়োজন |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| **'কৃষি প্রকৌশলী'** (৯ম গ্রেড) | রেজি: নম্বর- 700054, 800143= ০২ জন | নন-ক্যাডার পদের জন্য পিএসসি কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী ছাড়পত্রের কপি |

৩.০ কমিশন কর্তৃক ৩১.০৩.২০২৪ তারিখে ৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.২৪-৫৬ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী আলোচ্য পদে মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy), প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। সরকারি/স্বায়ত্তশায়িত/আধাস্বায়ত্তশায়িত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে এবং জমা দিতে হবে। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪.০ মৌখিক পরীক্ষার দিন প্রার্থীকে BPSC Form-5A (Applicant's Copy) সহ নিম্নোক্ত কাগজপত্রের ১ সেট মূলকপি ও ১ সেট সত্যায়িত অনুলিপি সংশ্লিষ্ট বোর্ডের ব্যক্তিগত কর্মকর্তার নিকট জমা দিতে হবে :

ক. সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

খ. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি; বয়স প্রমাণের জন্য এফিডেভিড গ্রহণযোগ্য হবে না;

গ. আবেদনকারী প্রার্থীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঘ. ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

ঙ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত ফটোকপি। জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃপ্রাপ্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করে দাখিলকৃত প্রয়োজনীয় ডকুমেন্টস;

চ. BPSC Form 5A (Applicant's Copy) ০২(দুই) কপি;

ছ. পরীক্ষার প্রবেশপত্রের ০২(দুই) কপি;

জ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঝ. নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি;

ঞ. সরকারি/স্বায়ত্তশায়িত/আধাস্বায়ত্তশায়িত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি;

ট. কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন) সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে]; এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।

৫.০ **উপরে অনুচ্ছেদ-৪.০ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূলকপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।**

৬.০ মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম আধাঘন্টা (৩০ মিনিট) পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

৭.০ কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।